

هُود | Hud | مُعِجَ ا

আয়াতঃ ১১ : ২৫

💵 আরবি মূল আয়াত:

وَ لَقَد ارسَلنَا نُوحًا اللَّي قَومِهِ انِّي لَكُم نَذِيرٌ مُّبِينٌ ﴿٢٥﴾

আর অবশ্যই আমি নৃহকে প্রেরণ করেছিলাম তার কওমের কাছে (এই বার্তা দিয়ে) যে, 'আমি তোমাদের জন্য স্পষ্ট সতর্ককারী'। — আল-বায়ান

আমি নূহকে তার কাওমের কাছে পাঠিয়েছিলাম। (সে বলেছিল) আমি তোমাদের জন্য একজন স্পষ্ট সতর্ককারী, — তাইসিকল

আর আমি নৃহকে তার কাওমের নিকট রাসূল রূপে প্রেরণ করেছি, (নূহ বলল) আমি তোমাদের জন্য স্পষ্ট ভয় প্রদর্শনকারী, — মুজিবুর রহমান

And We had certainly sent Noah to his people, [saying], "Indeed, I am to you a clear warner — Sahih International

২৫. আর অবশ্যই আমরা নূহকে তাঁর সম্প্রদায়ের কাছে পাঠিয়েছিলাম। তিনি বলেছিলেন, নিশ্চয় আমি তোমাদের জন্য প্রকাশ্য সতর্ককারী।

তাফসীরে জাকারিয়া

(২৫) আর নিশ্চয় আমি নূহকে তাঁর সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছি, (নূহ বলল,) 'অবশ্যই আমি তোমাদের জন্য স্পষ্ট সতর্ককারী।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1498

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন